117


দৈনিক সংবাদ


তারিখ JAN. 9.. 1999

পৃষ্ঠা ৮ কলাম ৭


অবহেলিত কলেজ

# বেগমগঞ্জ জয়াগ কলেজ

মামুন চৌধুরী




গ্রাম অঞ্চলে এমনিতে শিক্ষার হার কম। মানে নানা প্রতিকূলতার মাঝে বিদ্যার্জন করাটা কষ্টকর হয়ে ওঠে। প্রধানত অর্থনৈতিক সমস্যা। দ্বিতীয়ত পর্যাপ্ত ইন্সট্রুমেন্ট ও সুযোগ সুবিধার অভাব। বেগমগঞ্জের পল্লীতে জয়াগ কলেজ প্রতিষ্ঠিত হয় '৯৬ সালের শেষের দিকে। '৯৭ সালের ফলাফলে এলাকাবাসী আরো দ্বিগুণ উৎসাহে চাঁদা দিয়ে বিদ্যাপীঠটি চালু রাখতে চেষ্টা করে। প্রায় ৩০ লক্ষাধিক টাকা খরচ হয় এটি নির্মাণ করতে। ফলে বেশ দেনা হয়ে যান কলেজ কর্তৃপক্ষ।

বিরূপ প্রতিক্রিয়া হয় শিক্ষকদের উপর। তাদের নিয়মিত বেতন দেয়া সম্ভব হচ্ছে না। বন্যার আগে এটি খোলা থাকতে কলেজের ছাত্র/ছাত্রী, একাডেমিক কর্মকর্তা, প্রভাষক নানা সমস্যার কথা বলেছেন। দুঃখ প্রকাশ করে প্রিন্সিপাল বললেন, এই কলেজটির পরিবেশ, ভূমি, শিক্ষার মান প্রভৃতি ও শিক্ষা অফিসারের সুপারিশপত্রসহ আবেদন করেছিলাম সরকারি অনুদানভুক্ত করার জন্য। অথচ এর চেয়ে পরে প্রতিষ্ঠিত, কোন কোন দিক দিয়ে ফলাফলও আশানুরূপ নয় তবুও সেসব কলেজ সরকারি অনুদানভুক্ত হয়েছে।

রহস্যজনক কারণে এ কলেজের ব্যাপারে সদাশয় সরকার বিমুখ। এখন অবস্থা এমন দাঁড়িয়েছে সরকারি সহযোগিতা না পেলে পাঠদান কার্যক্রম চালানো অসম্ভব হয়ে দাঁড়াবে। এলাকাবাসীর পক্ষে মনে হয় আর সম্ভব হবে না। ছাত্র/ছাত্রীরা ক্ষোভ প্রকাশ করে জানাল মাননীয় প্রধানমন্ত্রী শিক্ষাখাতে সর্বোচ্চ বরাদ্দের কথা বলেছেন অথচ জয়াগ কলেজের ব্যাপারে কর্তৃপক্ষের অনীহা। এবারের বন্যায় কলেজের ভিতরে পানি হয়েছিল হাঁটুর উপরে। আসবাবপত্রেরও ব্যাপক ক্ষতি হয়েছে। এটি অনুদানভুক্ত বিশেষ করে হলে এলাকার নারী শিক্ষার ব্যাপক উন্নতি ঘটবে।